গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ শাখাওয়াত হোসেন<br>মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (২য় তলা), খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ | : | ২০/০৩/২০২৪খ্রি. |
| সভার সময় | : | বেলা ০২.০০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়নকল্পে খাদ্য অধিদপ্তরের নৈতিকতা কমিটির ৩য় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি সভা পরিচালনার জন্য শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগকে অনুরোধ জানান। তদানুযায়ী শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারিত সূচি অনুযায়ী আলোচ্য বিষয় সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ০১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ৩য় কোয়ার্টার এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা | ক। কার্যক্রম নং ১.৩: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। | ১. ২০২৩-২৪ অর্থবছরের ৩য় কোয়ার্টারে মাঠ পর্যায়ের অংশীজনের সভাটি সংগ্রহ বিভাগ সম্পন্ন করবে।<br>২। সববি বিভাগ ১ম কোয়ার্টারে (মাঠ পর্যায়ে) এবং চসসা বিভাগ ২য় কোয়ার্টারের (খাদ্য অধিদপ্তরে) অংশীজনের সভা আয়োজন করেছে।<br>৩। ৪র্থ কোয়ার্টারে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট অংশীজনের সভাটি (খাদ্য অধিদপ্তরে) আয়োজন করবে। | পরিচালক, সংগ্রহ বিভাগ |
| | | খ। কার্যক্রম নং ১.৪: শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনে কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ অনুষ্ঠানের বিষয়ে আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় কোয়ার্টারের নির্ধারিত প্রশিক্ষণ আয়োজন নিশ্চিতকরণপূর্বক যথাযথ প্রমাণক দাখিল করতে হবে।<br>উল্লেক্ষ্য, প্রশিক্ষণ বিভাগের ১ম ও ২য় কোয়ার্টারে নির্ধারিত প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | পরিচালক প্রশিক্ষণ বিভাগ |
| | | গ। কার্যক্রম নং ২.১: ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ এর বিষয়ে আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় কোয়ার্টারের ৩১/০৩/২৪খ্রি. এর মধ্যে (সংশোধিত) ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ/ আপলোড | পরিচালক, প্রশাসন/ চসসা/সবিবি/ সংগ্রহ/পউকা/ হিসাব ও অর্থ /প্রশিক্ষণ /নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট/ |

সুব্রত কুমার পাল
খাদ্য পরিদর্শক
সংযুক্তি : সৃজনশীল সেল
তদন্ত ও মামলা শাখা

অনুপমা দেবনাথ
সহকারী উপপরিচালক
সৃজনশীল সেল
তদন্ত ও মামলা শাখা

সুরাইয়া খাতুন
অতিরিক্ত পরিচালক
প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

মোঃ জামাল হোসেন
পরিচালক
প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

মো: শাখাওয়াত হোসে
মহাপরিচালক (গ্রেড-১
খাদ্য অধিদপ্তর, ঢাক

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | করতে হবে ও যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। | কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট/ প্রকল্প পরিচালক (সকল) |
| | | ঘ। কার্যক্রম নং ২.২: অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার (রাজস্ব ও উন্নয়ন বাজেটের) যথাযথ বাস্তবায়ন এর বিষয়ে আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত বিভাগ/ব্যক্তি ৩য় কোয়ার্টারের নির্ধারিত ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়নপূর্বক যথা সময়ে প্রমাণক দাখিল করতে হবে।<br><br>** প্রত্যেক দপ্তরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা রাজস্ব ও উন্নয়ন বাজেটের তথ্য পৃথক পৃথক ভাবে বাস্তবায়নের প্রমানক দাখিল করতে হবে । | পরিচালক, প্রশাসন/ চসসা/সববি/ সংগ্রহ/পউকা/ হিসাব ও অর্থ /প্রশিক্ষণ /নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট/ কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট/ প্রকল্প পরিচালক (সকল) |
| | | ঙ। কার্যক্রম নং ২.৩: বাজেটের যথাযথ বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত বিভাগ/প্রকল্প/ইউনিট সংশ্লিষ্ট বাজেটের যথাযথ বাস্তবায়ন করবেন এবং প্রমাণক হিসেবে ত্রৈমাসিক ভিত্তিতে iBAS++ প্রতিবেদন আবশ্যিকভাবে দাখিল করবেন। iBAS++ এ অন্তর্ভুক্ত না থাকলে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে প্রাপ্ত সার্টিফিকেট দাখিল করবেন। | পরিচালক, হিসাব ও অর্থ |
| | | চ। কার্যক্রম নং ২.৪: কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের PIC সভা আয়োজন সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী PIC সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১। আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প = ১টি;<br><br>২। দেশের বিভিন্ন স্থানে ধান শুকানো, সংরক্ষণ ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদিসহ আধুনিক ধানের সাইলো নির্মাণ (প্রথম ৩০টি সাইলো নির্মাণ পাইলট প্রকল্প) ১টি;<br><br>৩। দেশের বিভিন্ন কৌশলগত স্থানে নতুন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদি নির্মান প্রকল্প =১টি;<br><br>যথাসময়ে বাস্তবায়নপূর্বক যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। | পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |

সুব্রত কুমার পাল
খাদ্য পরিদর্শক
সংযুক্তি : সৃজনশীল সেল
তদন্ত ও মামলা শাখা

অনুপমা দেবনাথ
সহকারী উপপরিচালক
সৃজনশীল সেল
তদন্ত ও মামলা শাখা

সুরাইয়া খাতুন
অতিরিক্ত পরিচালক
প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

মোঃ জামাল হোসেন
পরিচালক
প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

মোঃ শাখাওয়াত হোসেন
মহাপরিচালক (গ্রেড-১)
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ছ। কার্যক্রম নং ৩.২: ওএমএস কার্যক্রমে ভোক্তাগণের অভিযোগ প্রদানের মাধ্যম সহজীকরণ এর জন্য ডিলারের ব্যানারে মোবাইল নম্বর/হটলাইন নম্বর ১৬১৫৫ সংযুক্ত করার (ঢাকা মহানগর এলাকা) বিষয়ে আলোচনা হয়। | ওএমএস এ ভোক্তাগণের অভিযোগ সহজীকরণ কার্যক্রম যথাযথ বাস্তবায়নপূর্বক যথাসময়ে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত বিভাগ নির্ধারিত প্রমাণক দাখিল করবেন।<br><br>বি.দ্র: ওএমএস কার্যক্রমে ভোক্তাগণের অভিযোগ প্রদানের মাধ্যম সহজীকরণ এর জন্য ডিলারের ব্যানারে খাদ্য অধিদপ্তরের নিজস্ব হটলাইন চালুর জন্য সভাপতি মহোদয় নৈতিকতা কমিটির ২য় সভায় পরিচালক, সববি বিভাগকে নির্দেশনা প্রদান করেন কিন্তু এ বিষয়ে কোন অগ্রগতি না থাকায় ৩য় সভায় পুনরায় সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশ প্রদান করেন। | পরিচালক, সববি বিভাগ |
| | | জ। কার্যক্রম নং ৩.৩: খাদ্য অধিদপ্তরের নৌপরিবহন ঠিকাদারদের (মেজর ক্যারিয়ার খুলনা) জামানত সংক্রান্ত স্ট্যাটাস হালনাগাদকরণ ও প্রকাশ বিষয়ে আলোচনা হয়। | উল্লিখিত কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নপূর্বক সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণ নির্ধারিত প্রমাণক দাখিল করবেন এবং চসসা বিভাগ খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে এ ৩১/০৩/২৪খ্রি. তারিখের পূর্বে প্রকাশ করবেন। | পরিচালক, চসসা বিভাগ |
| | | ঝ। কার্যক্রম নং ৩.৪: Procurement of Non-consulting Service (PSN) পদ্ধতির মাধ্যমে শ্রমিক ক্রয় কার্যক্রমে অন্ততঃ ৩টি জেলার স্থাপনাসমূহের শ্রমিক মজুরি প্রদানে স্বচ্ছতা নিশ্চিতকরণ এর বিষয়ে আলোচনা হয়। | Procurement of Non-consulting Service(PSN) পদ্ধতির মাধ্যমে শ্রমিক ক্রয় কার্যক্রম ঝালকাঠি, কুড়িগ্রাম, নীলফামারি জেলায় কার্যক্রম ইতোমধ্যে শুরু করা হয়েছে বলে সভায় পরিচালক, চসসা জানান। উল্লিখিত কার্যক্রম যথাসময়ে (৪র্থ ত্রৈমাসিক, এপ্রিল-জুন/২৪) বাস্তবায়নপূর্বক সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণ নির্ধারিত প্রমাণক দাখিল করবেন | পরিচালক, চসসা বিভাগ |
| ০২ | কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ে প্রেরণ নিশ্চিতকরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতি কোয়ার্টার সম্পন্ন হওয়ার দ্রুততম সময়ে বাস্তবায়ন প্রতিবেদন যথাযথ প্রমাণকসহ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণের বিষয়ে সভা আলোচনা করা হয়। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি কোয়ার্টার শেষ হওয়ার পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে কোয়ার্টার ভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রার বাস্তবায়ন প্রতিবেদন প্রমাণকসহ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্তগণ আবশ্যিকভাবে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও অতিরিক্ত পরিচালক, প্রশাসন এর নিকট প্রেরণ নিশ্চিত করবেন। | সংশ্লিষ্ট বিভাগ/ ইউনিট প্রধান এবং প্রকল্প পরিচালক (সকল) |

...ব্রত কুমার পাল
খাদ্য পরিদর্শক
...যুক্তি : সৃজনশীল সেল
তদন্ত ও মামলা শাখা

অনুপমা দেবনাথ
সহকারী উপপরিচালক
সৃজনশীল সেল
তদন্ত ও মামলা শাখা

সুরাইয়া খাতুন
অতিরিক্ত পরিচালক
প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

মোঃ জামাল হোসেন
পরিচালক
প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

মো: শাখাওয়াত হোসেন
মহাপরিচালক (গ্রেড-১)
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

CamScanner

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আন্তরিক প্রচেষ্টা গ্রহণের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৩/২৪
মোঃ শাখাওয়াত হোসেন
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন-০২২২৩৩৫৪৮৩৪
dg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৬.০০৫.২৩ – ৫৭(৩৭)

তারিখ: ২৮/০৩/২০২৪খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে-

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা

০৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা

০৪-১০। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

১১। প্রকল্প পরিচালক, দেশের বিভিন্ন স্থানে ধান শুকানো, সংরক্ষণ ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদিসহ আধুনিক ধানের সাইলো নির্মাণ (প্রথম ৩০টি সাইলো নির্মাণ পাইলট প্রকল্প), খাদ্য অধিদপ্তর, ঢাকা

১২। প্রকল্প পরিচালক, দেশের বিভিন্ন কৌশলগত স্থানে নতুন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদি নির্মান প্রকল্প, খাদ্য অধিদপ্তর, ঢাকা

১৩। প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৭), ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা

১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা

১৫-১৬। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ/এমআইএস এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

১৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

১৮। উপপরিচালক, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

১৯। অফিস কপি

২৮.৩.২০২৪
সুরাইয়া খাতুন
অতিরিক্ত পরিচালক

CamScanner